গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৬৩-আইন/২০২৬/৩৬৩-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রকল্পের আওতায় ১ জুলাই, ২০২৬ তারিখের পর সম্পূর্ণ নূতনভাবে খালি জায়গায় তৈরি করা হয় এইরূপ PPP Port Project এর ক্ষেত্রে সকল আমদানিকৃত সেবার বিপরীতে সমুদয় মূল্য সংযোজন কর এবং কাস্টম আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতির বিপরীতে আগাম কর (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।